

B.A. 5th Semester (Honours) Examination, 2024 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XI

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'কঙ্কাল' গল্পের ডাক্তার চরিত্রটির নাম কী ছিল? ডাক্তার এই গল্পের নায়িকাকে কী নামে ডাকতেন?
- (খ) 'ত্যাগ' গল্পে কুসুম কার বাড়িতে আশ্রয় পেয়েছিল? এই গল্পে কার চটিজুতার আওয়াজের উল্লেখ আছে?
- (গ) তোমাদের পাঠ্য কোন ছোটগল্পে ম্যালেরিয়ার উল্লেখ আছে? এই গল্পের পটভূমির নাম কী?
- (ঘ) সহায়হরি কোন গল্পের চরিত্র? তার ক-টি সন্তান?
- (ঙ) রামলোচন বাবুর পরিচয় দাও। তার সঙ্গে গল্প-কথকের কী সম্পর্ক?
- (চ) মনোরমার পরিচয় দাও। 'নিশীথে' গল্পের কথকের পেশা কী ছিল?
- (ছ) 'টোপ' গল্পের কথককে আট মাস পরে রাজাবাহাদুর কী উপহার পাঠিয়েছিলেন? রাজাবাহাদুরের এস্টেটের নাম কী?
- (জ) 'দেবোত্তর', 'বাকি বকেয়া আদায়', 'সীমাসর হৃদ', 'বেদখল উদ্ধার' — শব্দগুলি কোন গল্পে প্রয়োগ হয়েছে? এই গল্পের মুখ্য চরিত্রের নাম কী?
- (ঝ) 'ছোটগিনী', 'তুফান' এরা কোন গল্পের চরিত্র? কোন কাউন্সিলের রায়ে এই গল্পের প্রধান চরিত্র সর্বস্বান্ত হয়েছিলেন?
- (ঞ) তিরিশের দশকের অর্থনৈতিক মন্দা, তীব্র বেকারত্ব ইত্যাদির প্রত্যক্ষ উল্লেখ তোমাদের পাঠ্য কোন গল্পে আছে? এই গল্পে একটি সাবানের উল্লেখ আছে, সেটির নাম কী?
- (ট) নীলা কোন গল্পের চরিত্র? তার মা কাকে প্রভাবিত করবার জন্য নীলাকে ব্যবহার করেছিলেন?
- (ঠ) তোমাদের পাঠ্য কোন গল্প পত্ররীতিতে রচিত? এই গল্পটি কোন পত্রিকায় প্রকাশ পেয়েছিল?
- (ড) ফুলবানু আর মাজু খাতুন কোন গল্পের চরিত্র? তারা কে কোন কাজে দক্ষ ছিল?
- (ঢ) পাখমারাদের আদিপুরুষ কে ছিলেন? তাঁদের সমাজ পিতৃতান্ত্রিক, না মাতৃতান্ত্রিক?
- (ণ) "আমার ক্ষুধিত, তৃষিত, তাপিত চিত
বঁধু হে, ফিরে এসো"
— কোন গল্পে এই গানের উল্লেখ আছে? এই গল্পের প্রধান চরিত্রের পেশা কী ছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'অতিথি' গল্পটি এক চলিষুত্তার ইতিবৃত্ত — তাৎপর্য বিচার করো।
- (খ) 'ল্যাবরেটরি'-র সোহিনী এক অভূতপূর্ব, বিরল নারী চরিত্র। যুক্তিসহ বিচার করো।
- (গ) 'তাগ' গল্পে হেমন্তের শেষ সিদ্ধান্ত এক সুচিন্তিত দর্শনের সামাজিক পদক্ষেপ" — আলোচনা করো।
- (ঘ) 'ভেবেছিলাম' গল্পটির অভিনবত্ব সংক্ষেপে লেখো।
- (ঙ) 'ফসিল' গল্পে মুখার্জী আর দুলাল মাহাতো চরিত্র-দুটির দুটি সাদৃশ্য এবং দুটি বৈসাদৃশ্য লেখো।
- (চ) 'টোপ' গল্পে লেখক প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে কোন কোন টোপের কথা বলেছেন, সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) নারী চেতনার জাগরণ, আত্মপরিসর অন্বেষণ এবং ন্যায়-অন্যায়বোধের নিরিখে সমাজ বিশ্লেষণ মৃগাল চরিত্রকে এক কালজয়ী বিস্তার দিয়েছে। — আলোচনা করো।
- (খ) 'নিশীথে' বাংলা সাহিত্যে এক উল্লেখযোগ্য মনস্তাত্ত্বিক গল্প — আলোচনা করো।
- (গ) 'আদাব' গল্পটি জাতিধর্মের ভেদাভেদের উর্ধ্ব চিরন্তন মানবতার জয়গান। — মন্তব্যটি যুক্তি-সহ আলোচনা করো।
- (ঘ) "না মিঞা ভাই নেবে নাই।" — এই সংলাপের দ্বারা লেখক মোতালেফ ও মাজুর সম্পর্কের টানা পোড়েন কীভাবে ব্যাখ্যা করেছেন, তা আলোচনা করো।